

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.৩০.১১৪.২০১৬.২৭৫

২৫ ফাল্গুন ১৪২২
তারিখ: -----
০৮ মার্চ ২০১৬

বিষয়: মার্চ-জুন ২০১৬ মেয়াদে ছয়টি পর্যায়ে ৪,২৭৫টি ইউনিয়ন পরিষদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ সংক্রান্ত।

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী মার্চ-জুন ২০১৬ মেয়াদে ছয়টি পর্যায়ে ৪,২৭৫টি ইউনিয়ন পরিষদে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। উল্লিখিত সময়সূচি অনুযায়ী প্রথম পর্যায়ে আগামী ২২ মার্চ ২০১৬ তারিখে ৭৩৮টি এবং দ্বিতীয় পর্যায়ে আগামী ৩১ মার্চ ২০১৬ তারিখে ৬৭২টি ইউনিয়ন পরিষদের ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। পর্যায়ক্রমে অবশিষ্ট ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচন যাতে অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হয় সেদিকে লক্ষ্য রাখা সংশ্লিষ্ট সকলের কর্তব্য। উল্লিখিত নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন ইতোমধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। এ নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ যাতে সততা, নিষ্ঠা এবং আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করেন এবং কর্তব্য সম্পাদনে কোনরূপ শৈথিল্য প্রদর্শন না করেন, সে বিষয়ে নির্বাচন কমিশন সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেছে।

২। এ প্রসঙ্গে নির্বাচন কর্মকর্তাদের শৃঙ্খলা ও নিয়ন্ত্রণের লক্ষ্যে জারিকৃত নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধানাবলির প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত আইনের ৪ ধারায় নির্বাচন কর্মকর্তার চাকরি ও নিয়ন্ত্রণ এবং ৫ ও ৬ ধারায় শৃঙ্খলামূলক বিধানাবলি সন্নিবেশিত রয়েছে।

৩। উল্লেখ্য যে, নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব অর্পিত হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী/ব্যক্তি নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর ২(ঘ) উপধারায় বর্ণিত সংজ্ঞা অনুযায়ী 'নির্বাচন কর্মকর্তা' হিসাবে বিবেচিত হবেন এবং উক্ত দায়িত্ব পালনের জন্য তিনি নির্বাচন কমিশনের নিকট দায়ী থাকবেন। এ দায়িত্ব ও কর্তব্যে নিযুক্তির জন্য নির্বাচন কর্মকর্তা হিসাবে তাঁর কোন আনুষ্ঠানিক নিয়োগপত্র নাও থাকতে পারে। নির্বাচন কমিশন কোন সরকারি/আধা-সরকারি দপ্তর/প্রতিষ্ঠানের কাছে লিখিতভাবে কোন তথ্য সরবরাহ, কর্মসম্পাদন ইত্যাদির জন্য কোন নির্দেশ প্রদান করলেই সে দপ্তর/প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট তথ্য প্রদান ও কর্মসম্পাদনের দায়িত্বে নিয়োজিত অন্যান্য কর্মকর্তা/কর্মচারী নির্বাচন সংক্রান্ত দায়িত্বে নিযুক্ত হয়েছেন বলে গণ্য হবেন। সরকারের কর্মকর্তা/কর্মচারী এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যে কোন কর্মকর্তা/কর্মচারী নির্বাচনি দায়িত্বে নিযুক্ত কর্মকর্তাগণের অন্তর্ভুক্ত হতে পারেন। ভোটগ্রহণের জন্য সাময়িকভাবে নিযুক্ত বিভিন্ন স্তরের সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/বেসরকারি কর্মকর্তা/কর্মচারী/শিক্ষক/ব্যক্তিবর্গের সকলেই নির্বাচন কর্মকর্তা। সুতরাং নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনে অনীহা, অসহযোগিতা, শৈথিল্য, ভুল তথ্য প্রদান ইত্যাদির জন্য সংশ্লিষ্ট ব্যক্তি অসদাচরণের অভিযোগে অভিযুক্ত হবেন এবং তাঁর বিরুদ্ধে আইন অনুযায়ী শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪। বর্ণিত অবস্থায়, সকল মন্ত্রণালয়/বিভাগ এবং সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি সংস্থা/অফিস এবং এ সকল প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে সংশ্লিষ্ট আইনের বিধান সম্পর্কে সচেতন থেকে নির্বাচনি দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

স্বাক্ষরিত/-
০৮.৩.২০১৬

(মোহাম্মদ শফিউল আলম)
মন্ত্রিপরিষদ সচিব

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.৩০.১১৪.২০১৬.২৭৫

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২২
০৮ মার্চ ২০১৬


অনুলিপি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
- ০২। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ০৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
- ০৪। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা।
- ০৫। বিভাগীয় কমিশনার (সকল)।
- ০৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা/প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৭। জেলা প্রশাসক,.....(সকল)।
- ০৮। পুলিশ সুপার,.....(সকল)।
- ০৯। জেলা নির্বাচন অফিসার (সকল)।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ১১। উপজেলা নির্বাচন অফিসার/উপজেলা.....কর্মকর্তা ও রিটার্নিং অফিসার,উপজেলা।

সদয় অবগতির জন্য:

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।


(হাবিবুর রহমান)
উপসচিব

ফোন: ৯৫৭৬৪৮৮

email: gfa_branch@cabinet.gov.bd